

ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লি:  
স্টেশন রোড শাখা, চট্টগ্রাম।

অর্থস্বর্ণ আদালত আইন ২০০৩ এর ১২ ধারা মোতাবেক বন্ধকী সম্পত্তি নিলাম বিক্রয়ের দরপত্র বিজ্ঞপ্তি।

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, জনাব মোঃশাহ আলম, পিতা - শহর মুল্লুক, মাতা - আক্তার বেগম, প্রোপ্রাইটর : মেসার্স ইছানগর ট্রেডার্স, ব্যবসায়িক ঠিকানা - ২১ নং ইলেকট্রিক লেইন (লাকী মার্কেট ৪র্থ তলা), রিয়াজউদ্দীন বাজার, চট্টগ্রাম - ৪০০০, স্থায়ী ঠিকানা - আজিজুর রহমানের বাড়ী, গ্রাম ইছা নগর, ইছা নগর (৯ নং ওয়ার্ড অংশ) পো: আজিম পাড়া - ৪০০০, চর পাথরঘাটা, থানা - কর্ণফুলী জেলা - চট্টগ্রাম কর্তৃক ইউসিবি স্টেশন রোড শাখা, চট্টগ্রাম হইতে গৃহীত ঋণের জামানত হিসাবে নিম্ন তফসিলভুক্ত সম্পত্তিসমূহ ও তদুপস্থিত স্থাপনাদি রেজিস্ট্রিকৃত বন্ধকী দলিলমূলে ব্যাংকের নিকট বন্ধক রাখা আছে এবং রেজিস্ট্রিকৃত আম-মোক্তার দলিলমূলে আদালতের আদেশ ছাড়াই উহা বিক্রয়ের ক্ষমতা ব্যাংককে প্রদান করা আছে। ঋণগ্রহীতা মঞ্জুরীপত্রের শর্তমোতাবেক ঋণ পরিশোধ না করায় বিগত ৩০.০৯.২০১৯ ইং তারিখ পর্যন্ত ব্যাংকের পাওনা মোট ১,৮২,৮৩,৩৯৩.৪৬ (এক কোটি বিরাশি লক্ষ তিরাশি হাজার তিন শত তিরানব্বই টাকা ছিচল্লিশ পয়সা) টাকা সহ অন্যান্য আনুসঙ্গিক খরচ ও আদায়কালতক সুদ আদায়ের নিমিত্ত নিম্ন তফসিলভুক্ত সম্পত্তি সমূহ ও তদুপস্থিত স্থাপনাদি যেখানে যে অবস্থায় আছে সেই অবস্থায় নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী ক্রেতাদের নিকট হইতে নিম্ন বর্ণিত শর্তাদিতে সাদা কাগজে /প্যাডে স্থায়ী ঠিকানা সহ পূর্ণাঙ্গ ঠিকানা উল্লেখপূর্বক সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

বন্ধকী সম্পত্তির তফসিল

বন্ধকী সম্পত্তির তফসিল

১। জেলা - চট্টগ্রাম, থানা - কর্ণফুলী, মৌজা - ইছানগর, জে এল ২০, আর এস খতিয়ান নং ৫৫,৬৪, আর এস দাগ নং ১২৩৩, ১২২৯, ১২২১, ১২৩১, ১২৩৪, বি এস খতিয়ান নং ৪০,১৭১ বি এস নামজারী খতিয়ান ৫৭০ বি এস দাগ নং ৯৬৭, ১০৭৬ সম্পত্তির পরিমাণ ১৪ ডেসিমেল ভূমি সহ তদস্থিত এক তলা ইমারত।

২। জেলা - চট্টগ্রাম, থানা - কর্ণফুলী, মৌজা - ইছানগর, জে এল ২০, আর এস খতিয়ান নং ১১৪, আর এস দাগ নং ২১২, বি এস খতিয়ান নং ১৭, বি এস নামজারী খতিয়ান ৫৭০, বি এস দাগ নং ১৬৬৫, সম্পত্তির পরিমাণ ৮.০০ ডেসিমেল ভূমি সহ তদস্থিত এক তলা ইমারত।

নিলামের শর্তাবলী

১। আগামী ১৪.১১.২০১৯ ইং তারিখ বিকাল ৩.৩০ ঘটিকার মধ্যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লি: স্টেশন রোড শাখা, চট্টগ্রাম এ রক্ষিত বাক্রে সরাসরি অথবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে দরপত্র জমা দিতে হইবে এবং ঐ দিনই ৪.০০ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে।

২। প্রত্যেক দরপত্র দাতাকে উদ্ধৃত দর অনূর্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা হইলে উহার ২০%, উদ্ধৃত দর ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হইলে উহার ১৫% এবং উদ্ধৃত দর ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% এর সমপরিমাণ টাকার ব্যাংক ড্রাফট বা পে - অর্ডার জামানত স্বরূপ ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লি:, স্টেশন রোড শাখা, চট্টগ্রাম এর অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।

৩। অনূর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে, ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে এবং ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার অধিক উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে দরদাতাকে সমুদয় মূল্য পরিশোধ করিতে হইবে তাহা করিতে ব্যর্থ হইলে জামানতের টাকা বাজেয়াপ্ত হইবে। প্রথম সর্বোচ্চ দরপত্রদাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরপত্রদাতাকে সম্পত্তি ক্রয়ে আহ্বান করিতে পারিবেন।

৪। দরদাতাগণ তফসিলভুক্ত এক বা একাধিক ক্রমিকের সম্পত্তি জন্য দরপত্র দাখিল করিতে পারিবেন, তবে একই ক্রমিকের সম্পত্তির আংশিক এর জন্য দরপত্র গ্রহণযোগ্য হইবে না।

৫। দাখিলকৃত দরপত্রে সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে নিম্ন স্বাক্ষরকারী উক্ত দর প্রস্তাব অগ্রাহ্য করিতে পারিবেন।

৬। ব্যাংক কর্তৃপক্ষ সফল দরদাতার অনুকূলে নিলামকৃত সম্পত্তি রেজিষ্ট্রি দলিলমূলে হস্তান্তর করিবেন। তবে দলিল রেজিষ্ট্রি সংক্রান্ত যাবতীয় খরচ যেমন - রেজিষ্ট্রেশন ফি, স্ট্যাম্প ডিউটি, বিবিধ ব্যয়সহ অন্যান্য প্রয়োজ্য শুল্ক প্রভৃতি এবং উহার উপর কোন সরকারী, আধা সরকারী, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের যথা চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ, সিটি কর্পোরেশন / পৌরসভা, ওয়াসা, পি.ডি.বি/পল্লীবিদ্যুৎ, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান, ভূমিকর ইত্যাদি সহ যে কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তাহা সফল দরদাতাকেই বহন করিতে হইবে।

৭। দরপত্র জমা দেওয়ার পর বিক্রয় প্রস্তাবিত সম্পত্তির আকার, প্রকার, অবস্থান, স্বত্ব, স্বত্বের দলিল ইত্যাদি সম্পর্কে কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হইবে না।

৮। দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণ বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য নিম্নস্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।

৯। ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র গ্রহণ বা সকল দরপত্র বাতিল করিবার ক্ষমতা সংরক্ষণ করিবেন।

ব্যাবস্থাপক, ইউসিবি, স্টেশন রোড শাখা, চট্টগ্রাম।